



ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলের শিল্পাঞ্চলে ভয়াবহ আগুন



ইরানের ক্ষেপণাস্ত্রের আঘাতে ইসরায়েলের শিল্পাঞ্চলে ভয়াবহ আগুন লেগেছে। ছবি: সংগৃহীত

ইরানের ছোড়া ক্ষেপণাস্ত্র আঘাতে ইসরায়েলের দক্ষিণাঞ্চলের একটি গুরুত্বপূর্ণ শিল্প এলাকায় ভয়াবহ আগুন লাগে। একই সঙ্গে সেখানে সংরক্ষিত বিপজ্জনক রাসায়নিক ছড়িয়ে পড়ার আশঙ্কায় জরুরি সতর্কতা জারি করেছে কর্তৃপক্ষ।

রোববার (২৯ মার্চ) স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

জানা গেছে, বীরশেবা শহরের দক্ষিণে নিওত হোভাব শিল্পাঞ্চলের একটি কারখানায় আঘাত হানার পর আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। দমকল বাহিনী তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে এবং ঝুঁকিপূর্ণ রাসায়নিক সংরক্ষণ ইউনিটগুলো নিরাপদ রাখতে চেষ্টা চালায়।

এ ঘটনায় এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। তবে সম্ভাব্য বিপদ এড়াতে কারখানাসহ আশপাশের স্থাপনা থেকে কর্মীদের সরিয়ে নেওয়া হয়েছে।

রাসায়নিক পদার্থ লিকের আশঙ্কায় এলাকাবাসীকে ঘটনাস্থল থেকে দূরে থাকতে বলা হয়েছে। পাশাপাশি কাছাকাছি বসবাসকারীদের ঘরের ভেতরে অবস্থান করা, দরজা-জানালা বন্ধ রাখা এবং নিরাপত্তা বাহিনীর নির্দেশনা মেনে চলার আহ্বান জানানো হয়।